



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৩৪/২/ ২৪

তারিখ: ০৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

বিষয় : অনুমোদিত গভার্নিং বডির সভাপতি পদ বাতিলকরণ প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং- বামাশিবো/প্রশা/৩৩০২২১২০৭৮৫১/৭২২৪৯/নথি নং -১৩৪ তারিখ: ১২-০২-২০২৩ খ্রিঃ
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৩৪/২২; তারিখ: ২৭.০২.২০২৩ খ্রি.
৩। স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটার নং-১১.০০.০০০০.০৭২.১৯.০০২.২২.২৭৫; তারিখ: ০৫ ডিসেম্বর ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দিনাজপুর জেলার সদর উপজেলাধীন রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসার গভার্নিং বডির সভাপতি মনোনয়নে স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব ইকবালুর রহিম এর নামে সূত্রোক্ত ৩ নং স্মারকে একটি উপানুষ্ঠানিক পত্র অত্র বোর্ডে প্রেরণ করা হয়। উক্ত উপানুষ্ঠানিক পত্রের আলোকে জনাব মো: বদিউর রহমান কে সভাপতি নির্বাচন করে উপর্যুক্ত ১ নং স্মারকে গভার্নিং বডি অনুমোদন দেয়া হয়। কিন্তু স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব ইকবালুর রহিম অত্র বোর্ডের চেয়ারম্যান প্রফেসর কায়সার আহমেদ মহোদয়ের সাথে টেলিফোনিক আলাপে সূত্রোক্ত ০৩ স্মারকে প্রেরিত উপানুষ্ঠানিক পত্রটি তাঁর নয় মর্মে জানিয়েছেন।

উক্ত টেলিফোনিক আলাপের পরে অনুমোদিত গভার্নিং বডির সভাপতি জনাব মো: বদিউর রহমানকে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও পত্র জালকরণের জন্য সভাপতির পদ কেন বাতিল করা হবেনা মর্মে সূত্রোক্ত ০২ নং স্মারকে কারণ দর্শানোর পত্র প্রেরণ করা হয়। জনাব মো: বদিউর রহমান পত্রের আলোকে কারণ দর্শানোর জবাব প্রেরণ করেছেন। উক্ত জবাব পর্যালোচনায় তাঁর জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান।

বর্ণিত অবস্থায় জনাব মো: বদিউর রহমান এর জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) প্রবিধান ৩৮ (১) অনুযায়ী সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত গভার্নিং বডির সভাপতি মনোনয়ন বাতিল করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক () পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২০.০৬.২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,

রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর


২০.০৬.২৩

নং-বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৩৪/২/

তারিখ: চৈত্র ১৪২৯
মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৫. জনাব মো: বদিউর রহমান, রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর;
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd